CS (MAIN) EXAM, 2011

Serial No. | F–DTN–L–SAD–B

# BENGALI

## (Compulsory)

*Time Allowed : Three Hours* | *Maximum Marks : 300*

## INSTRUCTIONS

*Candidates should attempt **ALL** questions.*

*The number of marks carried by each question is indicated at the end of the question.*

*Answers must be written in **Bengali**, unless otherwise directed.*

*Prescribed word-limit must be followed for Q. No. 3. The precis must be attempted **only** on the special precis sheets attached to this question paper. These precis sheets are to be carefully detached from the question paper and securely attached to the answer book.*

1. নিচের যে কোনো একটি বিষয় অবলম্বনে মোটামুটি **300** শব্দের মধ্যে **একটি** প্রবন্ধ লিখুন :— 100

   (a) রাজনীতি এবং ব্যক্তিগত নৈতিকতা

   (b) সামাজিক উন্নতির প্রধান চালিকা শক্তি কী ? ধর্ম না বিজ্ঞান ?

(c) প্রত্যেকের জন্য অন্ন : আমাদের গণতান্ত্রিক ব্যবস্থার একটি সমস্যা।

(d) গতির সংস্কৃতি অতি-ত্বরা এবং অপরাধপ্রবণতার জনক।

(e) মানব-মস্তিষ্কের পরিবর্তে যান্ত্রিক-প্রজ্ঞান।

2. নিচের গদ্যাংশটি সযত্নে পড়ে পরের প্রশ্নগুলির উত্তর লিখুন। উত্তরগুলি স্পষ্ট, সঠিক এবং সংক্ষিপ্ত হবে :—

$6 \times 10 = 60$

আমরা শিল্পায়নের একটি দ্রুত পর্যায়ের মধ্য দিয়ে যাচ্ছি এবং শিল্প প্রতিষ্ঠানগুলিতে বহু সংখ্যক মানুষ নিয়োগ করছি। ভারতে এমন একটি ধারণা আছে যে আপনি যে বিশেষ কর্মটি করতে চান, সে বিষয়ে আপনার জ্ঞান কতটা সে প্রশ্ন ততটা গুরুত্বপূর্ণ নয়, তার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ আপনি কাকে জানেন — যাতে প্রভাব খাটিয়ে আপনি কাজটা পেতে পারেন। সুফল পাবার জন্য যে দক্ষতার আবশ্যক একথা সাধারণ মানুষ মনে করেন না। আমাদের শিক্ষাপ্রণালীতে উৎকর্ষের পরিশীলনের একটি নির্দিষ্ট অপরিহার্য স্থান আছে এবং যদি উৎকর্ষের অনুশীলন যথোচিত গুরুত্ব না পায়, তাহলে উৎকর্ষের প্রতি অশ্রদ্ধা জন্মায়। এর ফলে একদিকে আমাদের শিক্ষাপ্রণালী কলুষিত হয় এবং অন্যদিকে সামাজিক শিক্ষার জন্য আন্দোলনের আকাঙ্খার কণ্ঠ রুদ্ধ হয়।

যখন একটি সেতু বা পথ তৈরি করা হয়, তখন বালি, সিমেণ্ট, চুন প্রভৃতি দ্রব্যাদি নির্দিষ্ট অনুপাতে মিশিয়ে একটি যথোচিত মিশ্রণ প্রস্তুত করা হয় যাতে প্রস্তুত পথ বা সেতু দৃঢ় এবং দীর্ঘস্থায়ী হয়। কিন্তু আমাদের অভিজ্ঞতা বলে এ ব্যাপারে একটি অধঃপতনের ইতিহাস আছে। আমরা শুনতে পাই বাঁধে

ফাটল দেখা দিয়েছে, এবং বৃষ্টির ফলে রাস্তা ধুয়ে নষ্ট হয়ে গেছে।

কেবল ব্যবহৃত দ্রব্যাদির ব্যাপারেই নয়, মানুষ ও তাদের দায়িত্ববোধের ব্যাপারেও গুণগত মান রক্ষার প্রশ্ন রয়েছে। দুর্ভাগ্যবশত, গণতান্ত্রিক ব্যবস্থা এমন কতকগুলি অবস্থার জন্ম দেয় যেখানে গুণগত উৎকর্ষ ক্রমপরম্পরায় অবহেলিত হয়, এবং কোনো কোনো মানুষ বলেন, এদেশে গুণের কোনো সমাদর নেই। এর ফলে এমন একটি ধারণা জন্মায় সর্বজনীক সংস্থায় কর্ম এবং সর্বজনীক বাণিজ্য গুণ, দক্ষতা এবং নৈতিক স্বত্বাধিকার ব্যতীতই করা সম্ভব।

(a) এদেশের মানুষ ভাল কাজ কীভাবে পাওয়া যাবে বলে মনে করেন ?

(b) কখন আমরা উৎকর্ষের প্রতি শ্রদ্ধা হারাই ?

(c) উৎকর্ষের প্রতি অশ্রদ্ধার কী কী খারাপ ফল হয় ?

(d) মানুষের দায়িত্ববোধ সম্বন্ধে শ্রদ্ধা না থাকার ফল কী হতে পারে ?

(e) গুণবত্তা, দক্ষতা এবং নৈতিক স্বত্বাধিকারের প্রতি অবহেলার কারণ কী ?

(f) উদ্ধৃত গদ্যাংশে নিম্নরেখ পদবন্ধগুলির অর্থ বলুন।

3. নিচের গদ্যাংশটির সংক্ষিপ্তসার **190** থেকে **210** শব্দের মধ্যে লিখুন। সংক্ষিপ্তসার নির্দিষ্ট শব্দ-সীমা ভঙ্গ করলে নম্বর কেটে নেওয়া হবে। সংক্ষিপ্তসার **150** শব্দের কম অথবা **250** শব্দের অধিক হলে কোনো নম্বর দেওয়া হবে না :— 60

আমার তখন সাত বৎসর বয়স যখন আমার বাবা পোরবন্দর ছেড়ে রাজস্থানিক কোর্টের সদস্য হয়ে রাজকোটে আসেন। সেখানে আমাকে প্রাথমিক স্কুলে ভর্তি করা হয়। সেই দিনগুলি

— এমনকি যেসব শিক্ষক আমাকে পড়িয়েছিলেন তাঁদের নাম এবং অন্যান্য কথা আমার ভালোই মনে আছে। পোরবন্দরের মত এখানেও আমার পড়াশোনা সম্বন্ধে বেশি কিছু বলার নেই। আমি মাঝারি মানের ছাত্র ছিলাম। এই স্কুল থেকে আমি শহরতলির স্কুল এবং সেখান থেকে যখন উচ্চ বিদ্যালয়ে ভর্তি হলাম তখন আমার বয়স বারো বৎসর। এই অল্প সময়ের মধ্যে শিক্ষক বা সহপাঠিদের কাছে কখনো মিথ্যা কথা বলেছি বলে মনে পড়ে না। আমি খুব লাজুক ছিলাম এবং সঙ্গীদের এড়িয়ে চলতাম। বই আর স্কুলের পড়াই ছিল আমার একমাত্র সঙ্গী। ঠিক সময়ে স্কুলে পৌঁছানো এবং স্কুল শেষ হবার সঙ্গে সঙ্গে দৌড়ে ফেরাই ছিল আমার নিত্যকার অভ্যাস। আমি সত্য সত্যই দৌড়ে বাড়ি ফিরতাম, কারণ আমি কারো সঙ্গে কথা বলতে চাইতাম না। আমার ভয় ছিল যে কেউ হয়ত আমাকে নিয়ে ঠাট্টা-তামাসা করবে।

উচ্চ বিদ্যালয়ে পড়ার প্রথম বৎসরে পরীক্ষার সময় একটি ঘটনা ঘটেছিল যা উল্লেখের অপেক্ষা রাখে। শিক্ষা-পরিদর্শক মিঃ গিলস্ পরিদর্শনে এসেছিলেন। তিনি বানান পরীক্ষার জন্য আমাদের পাঁচটি শব্দ লিখতে দিলেন। তাদের মধ্যে একটি শব্দ ছিল 'kettle'। আমি সেটির বানান ভুল করেছিলাম। শিক্ষক আমাকে জুতোর ডগা দিয়ে প্ররোচিত করতে চাইলেন, কিন্তু আমি প্ররোচিত হলাম না। আমি বুঝতে পারিনি যে তিনি আমাকে পাশের ছাত্রের শ্লেট থেকে বানানটি নকল করতে বলছেন, কারণ আমি ভেবেছিলাম শিক্ষক খবরদারি করছেন যাতে আমরা নকল না করি। ফলে দেখা গেল আমি ছাড়া অন্য সব ছাত্রই প্রতিটি শব্দের সঠিক বানান লিখেছে। কেবল আমিই বোকামি



(Contd.)

করেছি। শিক্ষক পরে আমাকে বুদ্ধিহীনতার কথা বোঝাতে চাইলেন কিন্তু কোন ফল হয়নি। আমি কখনোই নকল করার বিদ্যা শিখতে পারিনি।

তবে, এই ঘটনার ফলে শিক্ষকের প্রতি শ্রদ্ধা আমার কিছুমাত্র হ্রাস পায়নি। বড়দের দোষ দেখা আমার স্বভাবে ছিল না। পরে আমি এই শিক্ষকের আরো অনেক ত্রুটি দেখতে পেয়েছিলাম কিন্তু তাঁর প্রতি আমার শ্রদ্ধা একই রকম ছিল। কারণ আমি বড়দের কাজের বিশ্লেষণ নয়, তাঁদের আজ্ঞা পালন করার শিক্ষা পেয়েছিলাম।

এই সময়কার আরো দুটি ঘটনা আমার মনে চিরস্মরণীয় হয়ে আছে। পাঠ্যপুস্তক ছাড়া অন্য বই পড়া আমার অপছন্দ ছিল। প্রত্যেকদিন পড়া তৈরি করতে হত। কারণ, আমি যেমন চাইতাম না যে শিক্ষক আমাকে তিরস্কার করুন, তেমিন তাঁকে ঠকাতেও চাইতাম না। সেজন্য আমি নিয়মিত পাঠাভ্যাস করতাম বটে, কিন্তু তাতে মন দিতাম না। সেজন্য পাঠাভ্যাস ঠিকমত না হলেও, অতিরিক্ত কিছু পড়ার প্রশ্নই উঠত না। কিন্তু পিতার কেনা একটি বইয়ের ওপর হঠাৎ একদিন আমার চোখ পড়ল। সেটা ছিল 'শ্রবণ পিতৃভক্তি নাটক' (পিতামাতার প্রতি শ্রবণের ভক্তিবিষয়ক একটি নাটক)। আমি সাগ্রহে বইটি পড়লাম। সেই সময় আমাদের শহরে ভ্রাম্যমান বিনোদনকারীদের একটি দল এসেছিল। একটি ছবিতে দেখলাম শ্রবণ কাঁধের ওপর ঝোলানো শিকলির সাহায্যে অন্ধ পিতামাতাকে বহন করে তীর্থভ্রমণে নিয়ে যাচ্ছে। বই এবং চিত্র দুটিই আমার মনে চিরস্থায়ী ছাপ রেখে গেল। আমি নিজেকে বললাম এই উদাহরণটি নকল করতে হবে। শ্রবণের মৃত্যুর পর তার পিতামাতার মর্মভেদী শোকোচ্ছ্বাস এখনো আমার স্মৃতিতে সতেজ রয়েছে। এই আবেগময় সুর আমাকে গভীরভাবে স্পর্শ করেছিল এবং পিতা আমাকে একটি বাদ্যযন্ত্র কিনে দিয়েছিলেন, তাতে আমি এই সুরটি বাজাতাম।



(Contd.)

4. নিচের গদ্যাংশটির বাংলা অনুবাদ করুন :— 20

Tulasidas's imagery covers a vast range. No poet of medieval period — not even his great contemporary Surdas — can vie with Tulasidas in respect of the infinite variety of imagery employed by him. He has collected his images from peasant life, court life, priestly environments, rural and civic life, philosophical treatises, literary classics, mythological works and folk literature. His poetry is a vast gallery of all kinds of images ranging from exquisite miniature paintings to large frescoes. Normally he likes simple and integrated images, but is quite capable of creating complex imagery as well. What he seems to abhor is a truncated image of which we can hardly search out a single example. His whole poetic creation is an endless endeavour to give a concrete tangible form to the abstract — to impart physical charms and mental qualities of human personality to an absolute concept. Actually the very conception of Personified Godhood is a grand exercise in image-making. In this context, what is of special relevance to the modern reader in Tulasidas's art is his unconventional approach to literary-cultural tradition and religion. A number of poets in other Indian languages have also produced great literature in this regard, but Tulasi appears to have surpassed them all.

 (Contd.)

5. নিচের গদ্যাংশটির ইংরাজি অনুবাদ করুন :— 20

আমরা সকলেই জানি সৃষ্টি, বিকাশ এবং রক্ষণ প্রকৃতির উপর নির্ভরশীল এবং প্রকৃতির সৃষ্টি এবং রক্ষণে গাছপালা, বনজঙ্গল, লতাগুল্ম এবং ঝোপঝাড়ের গুরুত্ব অপরিসীম। বস্তুত, মানবের অস্তিত্বই গাছপালা এবং বনজঙ্গলের ওপর টিকে আছে। গাছপালা মৃত্তিকার প্রধান রক্ষক। তারা ঝড় ঝঞ্ঝার প্রকোপ প্রতিরোধ করে মৃত্তিকাকে ক্ষয় থেকে রক্ষা করে এবং তাকে স্থানচ্যুত হতে দেয় না। গাছপালাই পাহাড়ের ক্ষরণ রোধ করে এবং তাকে সুস্থিত রাখে। অরণ্যই পক্ষী এবং পশুদের রক্ষা করে এবং তার জন্যই পরিবেশ রক্ষণ সম্ভব হয়। যেখানে গাছপালা অনেক, সেখানে প্রচুর পরিমাণে বৃষ্টিপাত হয়, কিন্তু মরুভূমি বৃষ্টির অভাবে শুষ্ক হয়ে যায়। বৃষ্টির জন্যই অন্ন উৎপাদন সম্ভব হয়, এবং অন্নই মানুষের জীবনধারণের উপায়। পশুগণ ঘাসের মত বহুসংখ্যক গাছের পাতা খেয়ে জীবনধারণ করে। গাছ থেকেই আমরা জ্বালানি এবং গৃহনির্মাণের কাঠ পাই। রেল, জাহাজ, এরোপ্লেন এবং যাতায়াতের অন্যান্য অনেক মাধ্যম প্রস্তুতের জন্য কাঠের প্রয়োজন হয়। বিভিন্ন প্রকারের ঔষধ, গঁদ, কাগজ, দেশলাই কাঠি, নানারকমের তেল এবং নানা সুস্বাদু এবং স্বাস্থ্যকর ফলের অনিঃশেষ উৎস হল গাছপালা। গাছের শীতল ছায়া আমাদের সূর্যের তাপ থেকে স্বস্তি দেয়। তাদের ফুলের মিষ্টি সুগন্ধ আমাদের মন এবং মস্তিষ্ক সতেজ করে তোলে।

6. (a) পদান্তর করুন (যে কোনো **পাঁচটি**) :— 2×5=10

দুঃখ, জল, লাঞ্ছিত, জিজ্ঞাসু, স্পষ্ট,
রোদন, বন্যা, বৈধ, উজ্জ্বল, উপস্থিত

(b) বিপরীতার্থক শব্দ লিখুন (যে কোনো **পাঁচটি**) :— 2×5=10

কঠোর, পাতাল, বিরহ, অবনত, কুৎসিৎ,
মূর্খ, অলস, ক্ষতি, পুণ্য, দান

(c) বিশিষ্টার্থে বাক্যে প্রয়োগ করুন (যে কোনো **পাঁচটি**) :— 2×5=10

(i) অরণ্যে রোদন
(ii) বকধার্মিক
(iii) এঁচড়ে পাকা
(iv) কুম্ভীরাশ্রু
(v) কলুর বলদ
(vi) অন্ধের যষ্ঠী
(vii) গণ্ডারের চামড়া
(viii) গোঁপ-খেজুরে
(ix) চক্ষুদান করা
(x) বসন্তের কোকিল

(d) প্রতিশব্দ লিখুন (যে কোনো **পাঁচটি**) :— 2×5=10

সমুদ্র, চন্দ্র, পরিচ্ছন্ন, প্রণয়, বন্ধু,
অরি, রাত্রি, নারী, অমর, জল

Sr. No. F–DTN–L–SAD–B

अपना अनुक्रमांक इन पत्रकों पर न लिखें
DO NOT WRITE YOUR ROLL NO. ON THESE SHEETS

# BENGALI
# (Compulsory)

सार लेखन के लिए विशेष पत्रक
**SPECIAL SHEETS FOR PRECIS**

इस पत्रक के दोनों ओर लिखिए। प्रत्येक खण्ड में एक शब्द और प्रत्येक पंक्ति में पांच शब्द लिखिए। अपने उद्धरण में सामान्य रूप से विराम आदि चिन्ह लगाइए और यदि आवश्यक हो तो प्रत्येक पैराग्राफ के अन्त में एक पंक्ति खाली छोड़ते हुए इसे पैराग्राफों में विभक्त कीजिए। यदि चाहें तो उत्तर-पुस्तिका के साधारण कागज पर पहले एक कच्चा प्रारूप तैयार कर सकते हैं। अपनी उत्तर-पुस्तिका दे देने से पहले कच्चे कार्य को आर-पार पंक्ति डालकर काट दिया जाना चाहिए। आप सारपत्रक को अपनी उत्तर-पुस्तिका के अन्दर सुरक्षित रूप से बांध दीजिए।

**Use both sides of this sheet. Write one word in each division and five words in each line. Punctuate your passage in the usual way and divide it into paragraphs, if necessary, leaving a line blank at the end of each paragraph. You may make a rough copy first, if you so wish, on ordinary paper in the answer-book. The rough work should be scored through before you hand over your answer-book. You should fasten the precis sheet securely inside your answer-book.**

| शीर्षक<br>Title | | | | | इस हाशिए<br>में न लिखें<br>Do not write on this margin |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |